আলমডাঙ্গায় দলীয় নেতা কর্মীদের সাথে মতবিনিময় ও বধ্যভূমি পরিদর্শনে এমপি ছেলুন জোয়ার্দ্দার

চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন আলমডাঙ্গায় দলীয় নেতা কর্মীদের সাথে মতবিনিময় করেছেন। গতকাল কৃহস্পতিবার বিকেলে আলমডাঙ্গার আওয়ামীলীগ কার্যালয়ে মতবিনিময় অনুষ্ঠিত হয়।

এসময় এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন, তৃণমূলের নেতা কর্মীদের ঐক্যবদ্ধ থাকতে হবে। প্রত্যেক কর্মীকে নিজ নিজ দ্বায়িত্ব সঠিকভাবে পালন করতে হবে। দেশে এখন করোনা ভাইরাসের সংক্রমণ চলছে। সিমান্তবর্তী কয়েকটি জেলায় আক্রান্তের হার বৃদ্ধি পেয়েছে। আমাদের সীমান্ত দিয়ে অনেক আটকে পড়া বাংলাদেশি আসছে। তাদের কোয়ারেন্টাইনে রাখা হচ্ছে। কারো কারো করোনা শনাক্ত হচ্ছে। তাই সবাইকে সচেতন থাকতে হবে। তিনি আরও বলেন, এই দুর্যোগের সময় আমাদের মানুষের পাশে দাড়াতে। জননেত্রী শেখ হাসিনার সরকার মানুষের কল্যাণে কাজ করে যাচ্ছে।

মতবিনিময়কালে আরো উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক মাসুদুজ্জামান লিটু বিশ্বাস, উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, সাংগঠনিক সম্পাদক কাজী খালেদুর রহমান অরুন,
পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন, সাধারণ সম্পাদক মতিয়ার রহমান ফারুক, পৌর আওয়ামী লীগের সহ-সভাপতি আমিনুল ইসলাম অপু মোল্লা, উপজেলা ভাইস চেয়ারম্যান উপজেলা ছাত্রলীগের সভাপতি সালমুন আহম্মেদ ডন, পৌর আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু,

কুমারী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ইউপি চেয়ারম্যান আবু সাঈদ পিন্টু, ডাউকি ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি নুরুল ইসলাম দিপু, সাধারণ সম্পাদক ও ইউনিয়ন চেয়ারম্যান তরিকুল ইসলাম, বেলগাছি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মাহমুদুল হাসান চনচল, মৎসজীবি

লীগের যুগ্ম আহবায়ক বিপ্লব মাস্টার, আওয়ামী লীগ নেতা জাহাঙ্গীর হোসেন, কাউন্সিলর মজিবুল হক রিপন শাহ, রেজাউল হক তবা,পরিমল কুমার ঘোষ কালু, সরকারী কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল হক, ছাত্রলীগ নেতা আব্দুল্লাহ আল হোসাইন বাদশা, সাকিব, অটাল প্রমুখ। পরে এমপি ছেলুন জোয়ার্দ্দার আলমডাঙ্গার বধ্যভূমি পার্ক নির্মাণ কাজ পরিদর্শন করেন। তিনি দ্রুত কাজ সম্পন্ন করার জন্য নির্দেশ প্রদান করেন।

মেহেরপুরে জমি সংক্রান্ত বিরোধের জেরে হামলা! বাবা- ছেলে আহত

মেহেরপুর সদর উপজেলা আশরাফপুর গ্রামে জমিজমা সংক্রান্ত বিরোধের জের ধরে আমিনুল ইসলাম ও তার ছেলে ওয়াসিম হোসেন এর উপর হামলা করে রক্তাক্ত জখম করা হয়েছে। বৃহস্পতিবার বিকালে আশরাফপুর গ্রামে ঘটনাটি ঘটে।

অভিযুক্তরা হলেন আশরাফপুর গ্রামের মৃত মহাসিন মণ্ডলের ছেলে খাদিমুল ইসলাম এবং আরিফুল ইসলাম আপি। তারা দুজনেই আমিনুল ইসলামের ভাই। হামলার ঘটনায় আমিনুলের মাথায় ৮ টি সেলাই ও ছেলে ওয়াসিম এর শরীরে ক্ষতের দাগ রয়েছে।

আহত আমিনুল ইসলাম জানান, আমার পিতা আমাদের জমিজমা-সম্পত্তি সব আমাদের তিন ভাই এবং দুই বোনের মাঝে সমানভাবে বন্টন করে দেয়। এতে আমার ওই দুই ভাই খুশি না। আমার কাছে আমার এক বোন বসবাস করে। জমিজমা নিয়ে দীর্ঘদিন যাবৎ তাদের সাথে আমাদের মনোমালিন্য ছিল। তাই আমার দুই ভাই পূর্ব শত্রুতার জের ধরে বাঁশের লাঠি, লোহার রড়, হাসুয়া নিয়ে আমার বাড়িতে প্রবেশ করে আমাকে হত্যার উদ্দেশ্যে এলোপাতাড়ি মারতে থাকে এসময় আমি চিৎকার করলে আমার ছেলে ওয়াসিম ছুটে এসে ঠেকাতে গেলে তারা ওয়াসিমকে বাঁশের লাঠি ও লোহার রড দিয়ে এলোপাতাড়ি পিটিয়ে গুরুতর আহত করে।

আমিনুল ইসলামের ছেলে ওয়াসিম জানান, আমার আব্বাকে যখন আমার চাচার মারপিট করছিল তখন আমি দৌড়ে যেয়ে তাদেরকে ঠেকাতে যায়। এসময় তারা আমাকে বাঁশের লাঠি ও লোহার রড দিয়ে এলোপাতাড়ি মারতে থাকে এবং আমার গলায় তোয়ালা পেঁচিয়ে দুই দিকে টানা হাচরা করে আমাকে শ্বাসরুদ্ধ করে হত্যা করার চেষ্টা করে। এসময় আমি চিৎকার করলে আশেপাশে লোকজন এসে আমাদের দুজনকে উদ্ধার করে। তাৎক্ষণিকভাবে আমার বাড়ির লোকজন আমাকে এবং আমার আব্বাকে ইজিবাইক করে মেহেরপুর হাসপাতালে নিয়ে ভর্তি করে।

এবিষয়ে সদর থানার ওসি শাহ দারা খান জানান, ঘটনাটি শোনার পরপর আমি ঘটনাস্থলে পুলিশ পাঠায়। আহততের পরিবার থেকে অভিয়োগ করলে মামলা দায়ের করে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

চুয়াডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় শিক্ষক নিহত

চুয়াডাঙ্গা সদরের আলুকদিয়া গ্রামের ট্রাকের ধাক্কায় রহমত উল্লাহ
(৪৫) নামের একজন স্কুল শিক্ষক নিহত হয়েছেন। বৃহস্পতিবার বেলা দেড়টার দিকে এই সড়ক দুর্ঘটনা ঘটে।

ভালাইপুরে অবস্থিত বঙ্গমনি ইনস্টিটিউট স্কুল এন্ড কলেজের শিক্ষক ছিলেন তিনি।

স্থানীয় সূত্রে জানা গেছে ভালাইপুরে প্রাইভেট পড়িয়ে নিজ বাইসাইকেল চালিয়ে বাসায় ফিরছিলেন রহমতউল্লাহ। এসময় তিনি আলুকদিয়া বাজারে পৌঁছালে চুয়াডাঙ্গা ছেড়ে আসা থেকে মেহেরপুর অভিমুখী দ্রুতগামী একটি ট্রাক (কুষ্টিয়া-ট-১১-১২৭৫) তাকে সামনে থেকে ধাক্কা দেয়। এতে গুরুতর জখম হন তিনি। পরে তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে ভর্তি করে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের সদস্যরা। সেখানে চিকিৎসধীন অবস্থায় দুপুর আড়াই টার দিকে মারা যান তিনি।নিহত রহমত উল্লাহ চুয়াডাঙ্গা সদর উপজেলার আলুকদিয়া গ্রামের মল্লিকপাড়ার শহর আলী মোল্লার ছেলে। তিনি ভাইপুরে অবস্থিত বঙ্গমনি ইন্সটিটিউট স্কুল অ্যান্ড কলেজের শিক্ষক

ছিলেন।

চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু জিহাদ ফখরুল আলম খান জানান, ঘটনার পর ট্রাকের চালক ও সহযোগী পালিয়ে যায়। পরে ট্রাকটি জব্দ করে থানায় নেয়া হয়। অভিযুক্ত ট্রাক চালক ও হেলপারকে অবিলম্বে আটক করা হবে বলে জানান তিনি।

দামুড়হুদায় ই-মিউটেশন বিষয়ক প্রশিক্ষণ

নাগরিক সেবা তরান্বিত করার লক্ষ্যে ভূমি ব্যবস্থাপনার আধুনিকায়নে উপজেলা ও ইউনিয়ন রাজস্ব প্রশাসনে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের ই-মিউটেশন প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার দুপুরে উপজেলা কনফারেন্স রুমে এই প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসের বাস্তবায়ন ও উপজেলা পরিষদের আয়োজনে এ ই-মিউটেশন প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গুরুত্বপূর্ণ ও দিকনির্দেশনামূলক বক্তৃতা করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন (এসিল্যান্ড) সহকারী কমিশনার ভূমি সুদীপ্ত কুমার সিংহ। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কানুনগো মিলাদ হোসেন মিয়া, সার্ভেয়ার মাজেদুল ইসলামসহ ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

এ অনুষ্ঠানটির সার্বিক সহায়তায় ছিলেন উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ ও ইন্টারন্যাশনাল কো অপারেশন এজেন্সী (জাইকা)।

অনুষ্ঠিত হলো তথ্য কর্মকর্তাদের ভার্চুয়াল কর্মশালা

সরকারের নীতি, কৌশল এবং উন্নয়নমূলক কার্যক্রমের ব্যাপক প্রচার ও এতে জনগণের অংশগ্রহণ নিশ্চিত করতে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ম্যান্ডেটপ্রাপ্ত জানিয়ে তথ্য ও সম্প্রচার সচিব খাজা মিয়া বলেছেন, এই মন্ত্রণালয়ের সকল পর্যায়ের কর্মকর্তা-কমচারীরা রাষ্ট্র-সরকার ও জনগণের মধ্যে কার্যকর সেতুবন্ধ হিসেবে কাজ করছে।

বৃহস্পতিবার ‘‘শিশু ও নারী উন্নয়নে সচেতনতামূলক যোগাযোগ কার্যক্রম (৫ম পর্যায়)’’ শীর্ষক প্রকল্পের আওতায় ‘জেলা তথ্য কর্মকর্তাদের ভার্চুয়াল কর্মশালা’র শুভ উদ্বোধন করতে গিয়ে প্রধান অতিথির বক্তৃতায় সচিব খাজা মিয়া এসব কথা বলেন।

গণযোগাযোগ অধিদপ্তরের কাজকে আরো বিস্তৃত ও জোরালো করতে সারাদেশে ২৬টি জেলা তথ্য কমপ্লেক্স নির্মাণ প্রকল্প একনেকে অনুমোদিত হয়েছে জানিয়ে খাজা মিয়া বলেন, এই প্রকল্পের নির্মাণ কাজ আসছে ২০২০-২১ অর্থবছরে শুরু করা সম্ভব হবে। তিনি এই প্রকল্প অনুমোদনের জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি অশেষ কৃতজ্ঞতা জানান।

এই ভার্চুয়াল কর্মশালায় দেশের ৬৪টি জেলা এবং ০৪টি পার্বত্য (কাপ্তাই, লামা, রামগড়, পটিয়া) উপজেলা তথ্য অফিসের বিভিন্ন পর্যায়ের ৬৮জন কর্মকর্তা এবং সদর দপ্তরের কর্মকর্তাগণ যুক্ত হন। যারা প্রধানত সরকারের নীতি, কৌশল, প্রেক্ষিত পরিকল্পনাসহ বিভিন্ন পরিকল্পনা এবং উন্নয়নমূলক কার্যক্রম সম্পর্কে সাধারণ ও প্রান্তিক জনগোষ্ঠীকে আন্ত:ব্যক্তিক মাধ্যমে প্রয়োজনীয় বার্তা দিয়ে থাকেন।

কর্মশালার সভাপতি গণযোগাযোগ অধিদপ্তরের মহাপরিচালক বিধান চন্দ্র কর্মকার জানান, বৃটিশ ভারতে ১৯২৪ সালে প্রতিষ্ঠার পর থেকে নানা আবর্তনের মধ্য দিয়ে ১৯৭২ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্দেশনায় সরকারের এই সংস্থাটি আজকের পর্যায়ে এসে পৌঁছেছে। তিনি এও বলেন, সরকারের উন্নয়ন কাজের তথ্যাদি প্রচারের পাশাপাশি বিভিন্ন দুর্যোগের সময় বিশেষ করে করোনা

মহামারি পরিস্থিতিতে তথ্য কর্মকর্তা ও সংশ্লিষ্ট কর্মচারীরা অবিরাম কাজ করে যাচ্ছে।

এছাড়া কর্মশালায় যুক্ত হয়ে বিশেষ অতিথির বক্তৃতায় তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (উন্নয়ন) এবং এই প্রকল্পের জাতীয় প্রকল্প পরিচালক মো. আনছার আলী প্রকল্পটির নানা দিক তুলে ধরে এর বাস্তবায়নে মূল্যবান মতামত ও পরামর্শ দেন।

পরিশেষে, প্রধান অতিথি ও বিশেষ অতিথিসহ ভার্চুয়ালি যুক্ত হওয়া সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে কর্মশালার সমাপ্তি টানেন কর্মশালার সঞ্চালক গণযোগাযোগ অধিদপ্তরের পরিচালক (প্রচার ও সমন্বয়) মো: মনিরুজ্জামান।

প্রেস বিজ্ঞপ্তি

স্বামী কারাগারে থাকার সুযোগে পুকুরে বিষ দিল দূবৃর্ত্তরা

স্বামী রয়েছেন জেলে। এ সুযোগেই প্রতিপক্ষ দূর্বত্তরা তাদের একটি মৎস পুকুরে বিষ টোপ দিয়ে প্রায় লক্ষাধিক টাকার মাছ বিনষ্ট করেছে। বুধবার ভোরে ঝিনাইদহের কালীগঞ্জে উপজেলার বাবরা গ্রামে মৎসচাষী ওসমান বিশ্বাসের পুকুরে ওই মাছ বিনষ্টের ঘটনাটি ঘটে।

এ ঘটনায় ক্ষতিগ্রস্ত মৎস চাষী ওসমান বিশ্বাসের স্ত্রী সন্দেহজনক ৫ জনের নাম উল্লেখ করে কালীগঞ্জ থানাতে একটি লিখিত অভিযোগ দায়ের করেছেন।

অভিযোগকারী উপজেলা বাবরা গ্রামের হাজেরা বেগম জানান, বলিদাপাড়া গ্রামের নাসিম বিশ্বাসের বাবরা গ্রামের মসজিদ সংলগ্ন ৪ বিঘার একটি মৎস পুকুর লীজ নিয়ে তার স্বামী মাছ চাষ করছেন। বৃহস্পতিবার সকাল ৬ টার ওই পুকুরে মাছ মরে ভাসতে দেখে দিকে মসজিদের ইমাম রকিব হোসেন তাদেরকে খবর দেন। এ সময় তারা পুকুরে এসে দেখেন, বিষটোপ দিয়ে তাদের পুকুরের প্রায় লক্ষাধিক টাকার মাছ মেরে বিনষ্ট করা

হয়েছে।

ওসমানের স্ত্রী আরো জানান, গ্রামের দলাদলিতে একটি মামলায় তার স্বামী ওসমান বর্তমানে জেলে রয়েছেন। এ সুযোগে তাদের প্রতিপক্ষ একই গ্রামের বিল্লাল, জিহাদ, জামির, আশরাফুল ও হাসান নামে ৫ যুবক ওই পুকুরে বিষ দিতে পারে। কারন ঘটনার আগের দিন রাতের বেলা ওই যুবকদের তারা পুকুরের আশে পাশে ঘোরাফেরা করতে দেখেছেন।

এ বিষয়ে কালীগঞ্জ থানার অফিসার্স ইনচার্জ মাহফুজুর রহমান মিয়া জানান, মৎস পুকুরে মাছ বিনষ্টের ঘটনায় একটি অভিযোগ পেয়েছি। তদন্তপূর্বক দ্রুত ব্যবস্থা নিবেন বলে জানান।

ঝিনাইদহের ঘোড়শাল ইউনিয়ন পরিষদে উন্মুক্ত বাজেট ঘোষণা

ঝিনাইদহ সদর উপজেলার ১৪নং ঘোড়শাল ইউনিয়ন পরিষদের ২০২১-২০২২ অর্থবছরের ৮৭ লক্ষ ০৯ হাজার ৭শত ৪৫ টাকা উন্মুক্ত বাজেট ঘোষনা করা হয়েছে। নতুন কোন করারোপ ছাড়াই এ বাজেট ঘোষনা করা হয়। বৃহস্পতিবার দুপুরে ইউনিয়ন পরিষদ সম্মেলন কক্ষে বাজেট ঘোষনা করেন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ পারভেজ মাসুদ লিল্টন।

ঘোড়শাল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ পারভেজ মাসুদ লিল্টনের সভাপতিত্বে বাজেট অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি নিত্য গোপাল সিকদার, সাধারন সম্পাদক রনজিত কুমার বিশ্বাস, ইউনিয়ন পরিষদের সচিব প্রতাপ বিশ্বাস, সাবেক সচিব কামরুজ্জামান, হিসাব সহকারী হালিমাতুজ্জোহরা, প্যানেল চেয়ারম্যান মোঃ কটন বিশ্বাস, ইউনিয়ন পরিষদ সদস্যবৃন্দ,শিক্ষক, সাংবাদিকসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

বাজেট সভা শেষে বিশ্বমহামারি করোনা ভাইরাস রোধে বিভিন্ন দিক নির্দেশনামুলক বক্তব্য প্রদান করেন চেয়ারম্যান মোঃ পারভেজ মাসুদ লিল্টন।

ঝিনাইদহে ঝড়ে ক্ষতিগ্রস্থ পরিবারের মাঝে নগদ অর্থ প্রদান

ঝিনাইদহে হঠাৎ ঝড়ে ক্ষতিগ্রস্থ ৯৪ টি পরিবারের মাঝে নগদ অর্থ সহায়তা প্রদাণ করা হয়েছে। বৃহস্পতিবার দুপুরে সদর উপজেলার আড়মুখী গ্রামের ক্ষতিগ্রস্থ ওইসব পরিবারের মাঝে এ সহায়তা প্রদাণ করেন ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার।

এসময় উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মজিবর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক সেলিম রেজা, সদর উপজেলা চেয়ারম্যান এ্যাড. আব্দুর রশিদ, উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীন, নলডাঙ্গা ইউনিয়নের চেয়ারম্যান কবীর হোসেনসহ অন্যান্যরা।

জেলা প্রশাসক জানান, গত মঙ্গলবার বিকেলে হঠাৎ ঝড়ে সদর উপজেলার আড়মুখী গ্রামে শতাধিক বাড়িঘর লন্ডভন্ড হয়ে যায়। উপড়ে যায় শত শত গাছপালা। ক্ষতিগ্রস্থ ওসব পরিবারের মাঝে সরকারের দেওয়া ত্রাণ সহযোগিতা বিতরণ করা হয়েছে। ক্ষতিগ্রস্থ প্রত্যেক পরিবারকে ৫ হাজার টাকা করে দেওয়া হয়েছে। এর আগে তাদের শুকনা খাবার দেওয়া হয়েছে।

চুয়াডাঙ্গায় মানহীন খাবার দেওয়ায় -মেহমান হোটেল সিলগালা

বাংলাদেশী নাগরিক ভারতে চিকিৎসা সেবা ও অন্যান্য সেবা নিতে যেয়ে আটকে পরে ভারতে । তারই ধারাবাহিকতায় গত ১৭ ই মে থেকে আটকে পড়া বাংলাদেশী নাগরিক বাংলাদেশে আসতে শুরু করেন। তাদেরকে যথাযথ স্বাস্থ্য সুরক্ষা ও কোয়ারেন্টাইন নিশ্চিত করার জন্য চুয়াডাঙ্গায় বিভিন্ন স্থানে কোয়ারেন্টাইন সেন্টার খোলা হয়।

চুয়াডাঙ্গার কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের (টিটিসি) কোয়ারেন্টাইন সেন্টারে মানহীন খাবার সরবরাহের অভিযোগ উঠেছে। বুধবার রাতে ভাতের সাথে দেয়া মাছ থেকে পঁচা গন্ধ বের হলে শুরু হয় বিক্ষোভ। খবর পেয়ে সেখানে পৌঁছান করোনা নিয়ন্ত্রণ ও প্রতিরোধ সংক্রান্ত উপকমিটির আহ্বায়ক ও অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মুনিরা পারভীন, পুলিশ কর্মকর্তারা।

জেলা প্রশাসন সূত্রে জানা গেছে, করোনা ভাইরাসের প্রকোপে বন্ধ ভারত-বাংলাদেশ সীমান্ত। এরমধ্যেও জরুরি চিকিৎসা নিতে বেনাপোল সীমান্ত দিয়ে স্থলপথে হাজার দেড়েক বাংলাদেশী বিশেষ ব্যবস্থায় ভারতে গিয়ে পড়ে বিপাকে। কারণ সেখানেও চলছে লকডাউন। বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় বিশেষ ব্যবস্থায় আটকেপড়া ওই বাংলাদেশি যাত্রীদের দেশে ফেরার ব্যবস্থা করে।

গত ১৭ মে থেকে চুয়াডাঙ্গার দর্শনাসহ দেশের ৩টি স্থলসীমান্ত ও চেকপোস্ট দিয়ে দেশে ফিরতে শুরু করেন বাংলাদেশীরা। তবে শর্ত মোতাবেক দেশে ফেরা সবাইকে বিশেষ কোয়ারেন্টিনে থাকতে হচ্ছে ১৪ দিন। সংশ্লিষ্ট জেলা প্রশাসন করছে গোটা বিষয়ের তত্ত্বাবধান। সেই অনুযায়ী চুয়াডাঙ্গার দর্শনা সীমান্ত দিয়ে দেশে ফেরা প্রায় সাতশো মানুষ অবস্থান করছেন চুয়াডাঙ্গার চারটি সরকারি ভবন ও কয়েকটি আবাসিক হোটেলের অস্থায়ী কোয়ারেন্টিন সেন্টারে। এরমধ্যে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে রয়েছেন ১১৪ জন। এদের তিনবেলা খাবারের যোগান হচ্ছে চুয়াডাঙ্গা জেলা প্রশাসন কর্তৃক নির্ধারিত তিনটি রেষ্টুরেন্ট থেকে। সরকারি নির্দেশনা অনুযায়ী থাকা খাওয়ার সব খরচ বহন করতে হচ্ছেন যাত্রীদের নিজেদেরকেই।

যাত্রীদের অভিযোগ যে মাছ খেতে দেয়া হয়েছে তা পঁচা দুর্গন্ধযুক্ত একদম খাওয়ার অনুপযোগী। গতকাল দুপুরের খাবার কোনো মতে খাওয়া গেলেও রাতে ভাতের সাথে যে মাছ দিয়েছে তাতে ছিলো পঁচা গন্ধ।

কোয়ারেন্টিনে থাকা যাত্রীদের খাবারসহ ব্যবস্থাপনার দায়িত্বে থাকা জেলা প্রশাসনের নেজারত ডেপুটি কালেক্টর (এনডিসি) আমজাদ হোসেন জানান, মান যাচাই করে চুয়াডাঙ্গা শহরের তিনটি রেস্তোঁরাকে পর্যায়ক্রমে দেয়া হয়েছে সরবরাহের কাজ। তদারকিতে দুজন ম্যাজিস্ট্রেট থাকছেন। বড় বাজারের হোটেল আল আমিন, ভোজন বিলাস এবং মেহমান হোটেল থেকে যাচ্ছে তিনবেলার খাবার। গতরাতে ১০-১২ জন যাত্রী মাছের মান নিয়ে প্রশ্ন তুলেছেন।

অন্যরা কোনো অভিযোগ করেনি।তিনি আরও জানান, কোয়ারেন্টিনে থাকা বাংলাদেশী যাত্রীদের কাছ থেকে থাকা খাওয়া বাবদ জনপ্রতি ৫ হাজার টাকা জমা নেয়া হয়েছে। খাবার নিয়ে অভিযোগ ওঠায় এর আগে সরবরাহকারী হোটেল বদল করা হয়েছে। থাকা খাওয়াসহ যাত্রীদের দেখভালের বিষয়টির সাথে চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের ভাবমূর্তি জড়িত। আজ থেকে খাবার সরবরাহ করবে রেডচিলি। বুধবার রাতের খাবার সরবরাহকারী মেহমান হোটেলের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

এদিকে, আজ বৃহস্পতিবার দুপুরে কোয়ারেন্টাইন সেন্টারে নিম্নমানের খাবার পরিবেশন করায় হোটেল মেহমান সিলগালা করে জেলা প্রশাসনের ভ্রাম্যমাণ আদালত। জেলা প্রশাসনের সহকারি কমিশনার ও ভ্রাম্যমাণ আদালতের বিচারক হাবিবুর রহমান অভিযান পরিচালনা করেন।

গাংনীতে স্ত্রীকে অপহরণের অভিযোগে স্বামী আটক

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দীতে স্ত্রীকে অপহরণের অভিযোগে স্বামী আব্দুল মালেক(২৭) কে আটক করে পুলিশে সোপর্দ করেছেন স্থানীয় জনতা। বৃহষ্পতিবার দুপুরে এ অপহরণের ঘটনাটি ঘটে। তবে পুলিশ বলছে, যেহেতু স্বামী স্ত্রীর বিষয় সেহেতু দুজনকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। ধত আব্দুল মালেক ঝিনাইদহ জেলার মহেষপুর উপজেলার বাঘাডাঙ্গা গ্রামের মুছা খলিফার ছেলে।
স্থানীয়রা জানান, বামন্দী বাজারের একটি এনজিওর নারী কর্মী ফিল্ড ওয়ার্ক করার জন্য বাইরে আসে।

এসময় আব্দুল মালেক ও তার খালাতো ভাই মেহেরপুর হোটেল বাজারের কাবিরুল ও রাকিবসহ ৪/৫ জন একটি মাইক্রো বাসে করে তুলে নেয়ার চেষ্টা করলে ওই নারী চিৎকার দেন। স্থানীয় লোকজন এসে আব্দুল মালেককে আটক করলেও পালিয়ে যায় তার সঙ্গীরা। পরে পুলিশ ক্যাম্পে খবর দিলে পুলিশের একটি টীম ওই নারী ও আব্দুল মালেককে থানায় নিয়ে আসে। ওই নারীর দাবী, তাকে অপহরণ করার চেষ্টা করছিল তারা।

ধৃত আব্দুল মালেক দাবী করেন, তারা দুজনেই স্বামী-স্ত্রী। কয়েক

মাস যাবদ তাদের মাঝে মতবিরোধ চলছে। স্ত্রীকে নিজের কাছে নিয়ে যেতেই চাইছেন তিনি। এদিকে ওই নারী স্বামী স্ত্রীর বিষয়টি স্বীকার করলেও দুজনের মধ্যে সম্পর্কের টানাপোড়েন বলে দাবী করেন এবং আব্দুল মালেক ও তার সঙ্গীরা প্রতিনিয়ত হত্যার হুমকী দিয়ে আসছে বলেও জানান।

গাংনী থানার ওসি বজলুর রহমান জানান, তাদের দুজনের সম্পর্কের বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে। সেই সাথে ওই ছেলের বিরুদ্ধে অন্য কোন অভিযোগ রয়েছে কিনা তাও যাচাই করা হচ্ছে। তাছাড়া স্ত্রী কোন অভিযোগ দিলে তা আইনানুসারে ব্যবস্থা নেয়া হবে।